

প্রিয় পিতা-মাতা/অভিভাবকগণ,

আপনারা জানেন যে যদি প্রদেশ (প্রভিন্স) এবং কাউন্সিল অব ট্রাস্টি এ্যাসোসিয়েশনের সাথে আলাপ-আলোচনার মাধ্যমে নতুন একটি সমষ্টিগত চুক্তি না হয়, তবে ক্যানাডীয়ান ইউনিয়ন অব পাবলিক এমপ্লয়িজ (সিইউপিই-CUPE) ঘোষণা দিয়েছে যে **সোমবার, 7 অক্টোবর, 2019** তারিখ থেকে তার সদস্যগণ আরো কর্ম-বিরতি কার্যকলাপ (জব অ্যাকশন-Job Action) গ্রহণ করবে। **এই নতুন কর্ম-বিরতি কার্যকলাপটিতে পরিষেবাসমূহ সম্পূর্ণরূপে প্রত্যাহার করা হবে যা অন্যথায় ধর্মঘট বা হেঁটে বের হয়ে যাওয়া (ওয়াক-আউট-Walk-out) হিসেবে পরিচিত।** 18,000-এরও বেশি কর্মচারী ধর্মঘট চলাকালীনসময়ে কর্মস্থলে থাকবেন না, যাহা টরন্টো ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডের কর্মচারীর প্রায় অর্ধেক। এই কর্মচারীদের অধিকাংশই স্কুলসমূহে চাকুরি করেন।

যদি এই কর্ম-বিরতি কার্যকলাপটি নির্ধারিত সময়সূচি অনুযায়ী শুরু হয়, বোর্ড **সোমবার, 7 অক্টোবর, 2019 তারিখ থেকে কর্ম-বিরতি কার্যকলাপটি চলাকালীন সকল শিক্ষার্থীর জন্য সকল স্কুল বন্ধ করে দেবে।** যদিও আমরা বুঝি যে এটি একটি কঠিন সময়ের সময়, পিতা-মাতাদের তাদের শিশুদের জন্য বিকল্প ব্যবস্থাসমূহ করার প্রয়োজন হবে। এটি এমন একটি সিদ্ধান্ত নয় যা আমরা হালকাভাবে গ্রহণ করেছি এবং স্কুলসমূহ খোলা রাখার জন্য আমরা প্রতিটি সম্ভাব্য জরুরি পরিকল্পনা বিশ্লেষণ করেছি। শিক্ষার্থীদের তত্ত্বাবধান এবং নিরাপত্তা হচ্ছে আমাদের সর্বোচ্চ অগ্রাধিকার এবং এই সকল স্কুল-ভিত্তিক কর্মচারীদের গুরুত্বপূর্ণ পরিষেবাসমূহ ছাড়া আমরা নিশ্চয়তা প্রদান করতে পারছি না যে আমাদের শিক্ষার পরিবেশসমূহ সকল শিক্ষার্থীর জন্য নিরাপদ এবং পরিষ্কার থাকবে।

কর্মচারীগণ, যারা সিইউপিই (CUPE)-এর সদস্য, তারা প্রাত্যহিক গুরুত্বপূর্ণ নিম্নলিখিত পরিষেবাসমূহ (কিন্তু শুধু এগুলোতেই সীমাবদ্ধ নয়) প্রদান করেন:

- ভবনসমূহ এবং স্কুলের ভূমির নিরাপত্তা এবং সুরক্ষা;
- মধ্যাহ্নভোজন কক্ষ তত্ত্বাবধান;
- পূর্ণ-দিবস কিন্ডারগার্টেনের শ্রেণীকক্ষসমূহে শিক্ষা বিষয়ক সাহায্য;
- বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের তত্ত্বাবধান এবং সাহায্য;
- নিরাপদ জল সম্পর্কিত পরীক্ষাসমূহ;
- বাথরুম এবং জলের কল (ফাউন্টেন) ব্যবস্থার পরিষ্কার;
- হিটিং ব্যবস্থা ত্রিযাপ্রণালী; এবং
- নিরাপদ আগমন বিষয়ক কর্মসূচিসমূহ।

এই কর্ম-বিরতি কার্যকলাপ চলাকালে সকল অ-সিইউপিই (non-CUPE) সদস্য স্কুল এবং প্রশাসনিক কেন্দ্রসমূহে কর্মে রিপোর্ট করা চালিয়ে যাবেন।

শিক্ষার্থীদের জন্য স্কুল বন্ধ হওয়া ছাড়াও, যদি ধর্মঘট কার্যকলাপটি সোমবার শুরু হয় তাহলে নিম্নলিখিত কর্মসূচি এবং পরিষেবাসমূহও প্রভাবিত হবে:

টিডিএসবি স্কুলসমূহে-এ তৃতীয়-পক্ষ লাইসেন্স প্রাপ্ত শিশু যত্ন পরিচালনাকারীসমূহ

(Third-Party Licensed Child Care Operators in TDSB Schools)

পূর্ণ ধর্মঘট চলাকালে যখন শিক্ষার্থীদের জন্য স্কুল বন্ধ থাকবে, টিডিএসবি স্কুলসমূহে অবস্থিত তৃতীয়-পক্ষ শিশু যত্ন পরিচালনাকারীসমূহকে খোলা রাখার অনুমতি প্রদান করা হবে। কিন্তু, পরিচালনা করার সময়সমূহকে **সকাল ৪টা থেকে বিকাল ৪:৪৫ মিনিট পর্যন্ত** সঙ্কল্পনাসাধন করা হয়েছে। **এটি লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে খোলা রাখা বা বন্ধ করা সংক্রান্ত সিদ্ধান্তটি স্বতন্ত্র শিশু যত্ন পরিচালনাকারীসমূহ দ্বারা গ্রহণ করা হবে। নিশ্চিত করতে এবং আরো তথ্যের জন্য অনুগ্রহ করে আপনার শিশু যত্ন পরিচালনাকারীর সাথে সরাসরি যোগাযোগ করুন।**

লাইসেন্সপ্রাপ্ত শিশু যত্ন পরিচালনাকারীদের দ্বারা প্রদানকৃত অধিকাংশ পরিষেবাই সিইউপিই-র ধর্মঘট দ্বারা সরাসরিভাবে প্রভাবিত হবে না। তবে, কিছু কিছু টিডিএসবি-র সিইউপিই কর্মচারীদের এই সকল শিশু যত্নের স্থানসমূহ খোলা এবং বন্ধ করা সম্পর্কিত দায়িত্বসমূহে রয়েছেন। সীমিত ব্যবস্থাপনা কর্মচারীদের সহ এই সকল ভূমিকা পূরণ করতে এই সকল শিশু যত্ন পরিচালনাকারীসমূহ খোলা রাখার জন্য আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করছি, কিন্তু সীমিত পরিচালনা করার সময় সহ।

টিডিএসবি-র সম্প্রসারিত দিবা কর্মসূচিসমূহ (TDSB Extended Day Programs)

পূর্ণ ধর্মঘট কার্যকলাপটি চলাকালে যখন শিক্ষার্থীদের জন্য স্কুল বন্ধ থাকবে, সকল পরিবারের জন্য টিডিএসবি-পরিচালিত সম্প্রসারিত দিবা কর্মসূচিসমূহও বন্ধ থাকবে। এই শিশু যত্ন পরিষেবাটি সিইউপিই কর্মচারীদের দ্বারা পরিচালিত। শ্রমিক বিপ্লবের সময় যে কোনো ধরনের বন্ধের জন্য পিতা-মাতা/অভিভাবকদেরকে অর্থ-প্রত্যর্পণ করা হবে। [টিডিএসবি-পরিচালিত সম্প্রসারিত দিবা কর্মসূচিসমূহের সম্পূর্ণ তালিকাটি দেখুন।](#)

অনুমতিপত্রসমূহ

পূর্ণ ধর্মঘট কার্যকলাপটি চলাকালে, অনুমোদিত চিত্তবিনোদনমূলক কর্মসূচিসমূহ সহ সকল স্কুলের [অনুমতিপত্রসমূহ](#) বাতিল করা হবে।

অব্যাহত শিক্ষা (কন্টিনিউইং এডুকেশন-Continuing Education)

পূর্ণ ধর্মঘট কার্যকলাপটি চলাকালে, সকল অব্যাহত শিক্ষার ক্লাসসমূহ বাতিল করা হবে। এটি [এডাল্ট ইএসএল \(Adult ESL\)](#), [এডাল্ট হাই স্কুলস \(Adult High Schools\)](#), [কমিউনিটি প্রোগ্রামস/লার্ন4লাইফ \(Community Programs/Learn4Life\)](#), এবং [ইন্টারন্যাশনাল ল্যাঙ্গুয়েজস এলিমেন্টারি/আফ্রিকান হেরিটেজ \(International Languages Elementary/African Heritage\)](#) অন্তর্ভুক্ত করে।

সভাসমূহ

পূর্ণ ধর্মঘট কার্যকলাপটি চলাকালে নিম্নলিখিত সভাসমূহ বাতিল করা হবে: স্কুল কাউন্সিলের সভাসমূহ, অ্যাডভাইজরি কমিটির সভাসমূহ এবং ওয়ার্ড ফোরামসমূহ।

যদিও টিডিএসবি (TDSB) প্রাদেশিক (প্রভিন্সিয়াল) আলাপ-আলোচনায় সরাসরি সম্পৃক্ত নয়, তবে বোর্ড আশাবাদী থাকবে যে সোমবার, 7 অক্টোবর, 2019 তারিখের পূর্বেই একটি নতুন চুক্তি হবে। যদি একটি নতুন চুক্তি হয়, সোমবার স্কুলসমূহ যথারীতি খোলা থাকবে।

আমরা সকল পিতা-মাতা/অভিভাবককে সপ্তাহান্তে হালনাগাদ প্রদানে অঙ্গীকারবদ্ধ।

চলমান হালনাগাদ এবং সর্বশেষ তথ্যের জন্য, অনুগ্রহ করে www.tdsb.on.ca/labour দেখতে থাকুন এবং টুইটারে [@tdsb](https://twitter.com/tdsb)-কে অনুসরণ করুন।